

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৫২

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - উমার ফারুক (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفَصْلُ التَّالِثُ (بَابِ مَنَاقِبِ عمر)

আরবী

وَعَن ابْن مَسْعُود قَالَ: فُضِلَ النَّاسَ عُمَرُ بْنُ الْخَطَّابِ بِأَرْبَعِ: بِذِكْرِ الْأُسَارَى يَوْمَ بَدْرٍ أَمَرَ بِقَتْلِهِمْ فَأَنْزَلَ اللَّهُ تَعَالَى [لَوْلَا كِتَابٌ مِنَ اللَّهِ سَبَقَ لَمَسَّكُمْ فِيمَا أَخَذْتُم عَذَاب عَظِيم] وَبِذِكْرِهِ الْحِجَابَ أَمَرَ نِسَاءَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَحْتَجِبْنَ فَقَالَتْ لَهُ زَيْنَبُ: وَبِذَكْرِهِ الْحِجَابَ أَمَرَ نِسَاءَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَحْتَجِبْنَ فَقَالَتْ لَهُ زَيْنَبُ: وَإِنَّا عَلَيْهُ وَسَلَّمَ أَنْ يَحْتَجِبْنَ فَقَالَتْ لَهُ زَيْنَبُ: وَإِنَّا سَأَلْتُمُوهُنَّ وَإِنَّا سَأَلْتُمُوهُنَّ مَن وَرَاء حَجَابً وَبِدَعْوَةِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «اللَّهُمَّ أَيِّدِ مَتَاعا فَاسْأَلُوهُنَّ مِن وَرَاء حَجَابً وَبِدَعْوَةِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «اللَّهُمَّ أَيِّدِ مَتَاعا فَاسْأَلُوهُنَّ مِن وَرَاء حَجَابً وَبِدَعْوَةِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «اللَّهُمَّ أَيِّدِ الْإِسْلامَ بِعُمْرَ» وَبِرَأْيِهِ فِي أَبِي بَكْرٍ كَانَ أُولَ نَاسَ بَايعه. رَوَاهُ أَحْمِد

اسناده ضعیف ، رواه احمد (1 / 456 ح 3662) * فیم ابو نهشل : مجهول و ابو النضر هاشم بن القاسم سمع من المسعودی بعد اختلاطم ـ

(ضَعِيف)

বাংলা

৬০৫২-[১৯] ইবনু মাস্'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, চারটি বিশেষ কারণে 'উমার ইবনুল খত্ত্বাব সকল মানুষের ওপর সম্মানপ্রাপ্ত হয়েছেন।

- ১. বদর যুদ্ধের বন্দীদের আলোচনা প্রসঙ্গে তাদের তিনি হত্যা করার পরামর্শ দিয়েছিলেন। এরপর এ আয়াত অবতীর্ণ হলো (আয়াতের অনুবাদ) যদি আগে থেকে আল্লাহর কাছে তা লেখা না থাকত, তাহলে যে বিনিময় গ্রহণ করেছ, তজ্জন্য তোমরা কঠিন 'আযাবে লিপ্ত হতে।
- ২. পর্দার ব্যাপারে তিনি নবী (সা.) -এর বিবিগণকে পরামর্শ দিয়েছিলেন, তারা যেন পর্দা মেনে চলে। তা শুনে নবী (সা.) পত্নী যায়নাব (রাঃ) বলে উঠলেন, হে খত্ত্বাব-এর পুত্র! তুমি আমাদের ওপর পর্দার আদেশ জারি করছ, অথচ আমাদের ঘরেই ওয়াহী অবতীর্ণ হয়। অতঃপর আল্লাহ তা'আলা অবতীর্ণ করলেন (আয়াতের অনুবাদ) "হে মানুষ!



তোমরা যখন নবীর স্ত্রীদের নিকট হতে কোন জিনিস চাবে, তখন আড়ালে থেকে চাবে।

- ৩. 'উমার -এর জন্য নবী (সা.) দু'আ করেন, হে আল্লাহ! 'উমার-এর দ্বারা ইসলামকে শক্তিশালী কর।
- 8. আবূ বকর (রাঃ)-এর খিলাফত সম্পর্কে তাঁর ('উমার-এর) অভিমত এবং তিনিই সর্বপ্রথম লোক, যিনি তাঁর হাতে বায়'আত গ্রহণ করেছেন। (আহমাদ)

ফুটনোট

সনদ যঈফ: মুসনাদে আহমাদ ৪৩৬২, হিদায়াতুর রুওয়াত ৫/৪০৭, আত্ তা'লীক 'আলাল কাশফ ৩১৭৫-৭৬।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন